

## ‘ডাকছে আবার দেশ’ উদ্যোগের থিম সং উন্মোচন করল ব্র্যাক

করোনায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে আহ্বান জানানো  
চিত্রনায়িকা মৌসুমী ও সংগীতশিল্পী সুমি

করোনাভাইরাসের ডেল্টা ধরনের সামাজিক বিস্তার এবং লকডাউনের প্রতিকূল অবস্থায় কর্মহীন হয়ে পড়া দরিদ্র মানুষদের পাশে দাঁড়াতে ব্র্যাকের উদ্যোগ ‘ডাকছে আবার দেশ’। এই উদ্যোগের অংশ হিসেবে জনসচেতনতা বাড়াতে “আলোয় আলোয় ডাকছে আবার দেশ” শীর্ষক একটি গান [<https://www.youtube.com/watch?v=HzFr9XbLlOg>] উন্মোচন করা হয়েছে। জনপ্রিয় ব্যান্ড দল চিরকুটের লিড ভোকালিস্ট শারমিন সুলতানা সুমির কথা, সুর ও কণ্ঠে এই সংগীতায়োজনে আরো ছিলেন একই ব্যান্ডের কিবোর্ডিস্ট জাহিদ নীরব।

ব্র্যাকের ফেসবুক পেজে একটি লাইভ অনুষ্ঠানের মাধ্যমে আজ বৃহস্পতিবার (২৯শে জুলাই) বিকেল তিনটায় দেশের ডাকে সাড়া দেবার এই গানটি উদ্বোধন এবং আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ব্র্যাকের হেড অফ মিডিয়া এন্ড এক্সটার্নাল রিলেশন্স রাফে সাদনান আদেলের সঞ্চালনায় এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় অধ্যাপক ও চিকিৎসক এ কে আজাদ খান, ব্র্যাকের চিফ ফাইন্যান্সিয়াল অফিসার তুষার ভৌমিক, চিরকুটের লিড ভোকালিস্ট শারমিন সুলতানা সুমি এবং চলচ্চিত্র অভিনেত্রী মৌসুমী।

স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে উদাসীনতার কথা উল্লেখ করে জাতীয় অধ্যাপক ডাঃ এ কে আজাদ বলেন, “প্রথমত, এই অতিমারিতে স্বাস্থ্যবিধি মেনে চলার কোন বিকল্প নেই। দ্বিতীয়ত, সবাইকে অবশ্যই টিকা নিতে হবে। টিকা নেয়া যেন আরো সহজ হয় এবং টিকা যেন আরো বেশি পরিমাণে দেয়া যায় সেবিষয়টিও সংশ্লিষ্টদের নজর রাখতে হবে।”

উল্লেখ্য, গত ১৮ই জুলাই থেকে শুরু হওয়া ‘ডাকছে আবার দেশ’ উদ্যোগে ব্র্যাক কর্মীদের একদিনের বেতনসহ ব্র্যাকের নিজস্ব তহবিল থেকে মোট সাড়ে সাত কোটি টাকা প্রদান করা হয়েছে যা দিয়ে ৫০ হাজার পরিবারে জরুরি খাদ্য সহায়তা দিচ্ছে ব্র্যাক।

এসময়, ডাকছে আবার দেশ উদ্যোগে বিভিন্ন জায়গা থেকে সহযোগিতা এবং অনুপ্রেরণা পাওয়ার বিষয়টিকে তুলে ধরে তুষার ভৌমিক তার বক্তব্যে জানান, এই বছর গ্রামীণফোনের পক্ষ থেকে এই উদ্যোগে ৫ কোটি টাকা দিয়েছে এবং বিভিন্ন ব্যাংকও তাদের সিএসআর তহবিল থেকে অনুদান দিয়েছে। ইতিমধ্যে ৯টি ব্যাংক এই তহবিলে অনুদানের প্রতিশ্রুতি দিয়েছে।

এই কার্যক্রমে সবাইকে আরো সচেতন করার লক্ষ্যে ব্র্যাকের উদ্যোগে যে থিম সংটি আজ উন্মোচিত হলো, সে সম্পর্কে কণ্ঠশিল্পী সুমি বলেন, “বাংলাদেশ এক অন্ধকার সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। এই গানের মাধ্যমে আমরা বলার চেষ্টা করেছি যে এই সময়ে আমরা যদি যার যার সক্ষমতা অনুযায়ী একে অপরের পাশে দাঁড়াতে পারি তাহলেই এই অন্ধকার দূর করা সম্ভব হবে।”

চিত্রনায়িকা মৌসুমী মানুষকে সরকারের উপর নির্ভরশীল না হয়ে, সমাজের তুলনামূলক ভালো অবস্থানে থাকা ব্যক্তিদের যার যার সক্ষমতা অনুযায়ী হতদরিদ্র এবং করোনায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান।



গত বছর থেকে মাননীয় প্রধানমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে কোভিড-১৯ মোকাবেলায় সরকারের পাশাপাশি ব্র্যাকের মতো অনেক বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানও এ সহায়তা কার্যক্রম চালিয়ে আসছিল। তারই ধারাবাহিকতায় ব্র্যাক প্রাথমিকভাবে ৫০ হাজার পরিবারের পাশে দাঁড়াচ্ছে। কিন্তু প্রয়োজনের তুলনায় এটা একেবারেই অপ্রতুল। জাতীয়ভাবে এ দুর্যোগের বিরুদ্ধে জয়ী হতে হলে ব্যক্তি ও প্রতিষ্ঠানসহ সবাইকে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে ‘ডাকছে আবার দেশ’ একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে এবং গণতহবিল সংগ্রহে এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে থেকে অবদান রাখায় সবাইকে প্রেরণা যোগাবে। বিস্তারিত: <https://www.brac.net/dakcheabardesh/>

ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে অন্যরাও ইতিবাচক ভূমিকা রেখে মানুষের পাশে দাঁড়াবেন এই আশা করছে ব্র্যাক।

ধন্যবাদসহ  
মাহবুবুল আলম কবীর  
সিনিয়র মিডিয়া ম্যানেজার, ব্র্যাক

**BRAC**

BRAC Centre  
75 Mohakhali  
Dhaka 1212  
Bangladesh

T: +88 02 9881265  
F: +88 02 8823542  
E: info@brac.net  
W: www.brac.net

Registered in  
Bangladesh under  
The Societies  
Registration Act of 1860